

# নতুন বছরে ঘর বাঁধলেন পাঁচ তারকা

বিনোদন প্রতিবেদক

নতুন প্রত্যাশা নিয়ে শুরু হয় বছর। তারকারাও অনেক পরিকল্পনা করে রাখেন বছরজুড়ে নিজেদের ব্যস্ত রাখবেন বলে। তবে দেশের পাঁচ তারকা বিয়ে করে বার্তা দিলেন ভালোবাসার। তারা হলেন মৌসুমী হামিদ, নাজিয়া হক অর্ষা, ফারহান আহমেদ জোভান, নববই দশকের জনপ্রিয় মডেল-অভিনেতা পল্লব ও অভিনেত্রী স্বাগতা। অবশ্য পল্লব বিয়েটা করেছেন গেল বছরই। সোচি প্রকাশ্যে এনেছেন নতুন বছরে। দেখে নেওয়া যাক পাঁচ তারকার বিয়ের আদ্যোপাত্ত।



## অবশ্যে বিয়ে করলেন মৌসুমী হামিদ

লম্বা পাত্রের সঙ্গান পাচেন না বলে লাক্ষ তারকা মৌসুমী হামিদের বিয়ে দিতে পারছিলেন না তার পরিবারের সদস্যরা। এ নিয়ে নিজেই অনেকবার কথা বলেছেন গণমাধ্যমে। তবে বছরের শুরুতেই তিনি চমকে দিলেন বিয়ের খবর দিয়ে। থেমিক আবু সাইয়িদকে বিয়ে করেছেন তিনি। সাইয়িদ একজন চিঅন্ট্যকার। গত ১০ জানুয়ারি রাজধানীর বসুকরা আবাসিক এলাকায় এক বাসার ছাদে মৌসুমী হামিদের গায়ে হলুদের অনুষ্ঠান সম্পন্ন হয়। পরদিন তারা বিয়ে করেন। এই বিয়েতে দুই পরিবারের ঘনিষ্ঠানেরা উপস্থিত ছিলেন। স্বামীর সঙ্গে বিয়ের ছবি ফেসবুকে প্রকাশ করেন মৌসুমী। তারপর থেকেই তিনি সহকর্মী, ভক্ত-অনুরাগীদের ভালোবাসা ও শুভেচ্ছায় সিঙ্গ হন।

## নেচে-গেয়ে বিয়ে করলেন জোভান

মৌসুমী হামিদের বিয়ের খবর প্রকাশ্যে আসার দিন সক্রান্ত বিয়ের খবর জানান ছেট পর্দার অভিনেতা ফারহান আহমেদ জোভানও। এই অভিনেতার স্ত্রীর নাম সাজিন আহমেদ নির্জনা। বাড়ি পুরান ঢাকায়, একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করেছেন তিনি। বিয়ের বেশ কিছুদিন আগে থেকেই তাদের জানাশোনা ছিল। একসঙ্গে দুজনকে ঘোরাঘুরি করতে ও দেখা গেছে। তবে বিয়ের আয়োজন দুই পরিবারের সম্মতিতে হয়েছে। ব্যাচেলর পার্টি করেছেন জোভান বেশ জমিয়ে। শাহরুখ খানের ‘ও মাহি ও মাহি’ গানের সঙ্গে নেচে গেয়ে জানান দিলেন নতুন জীবন শুরু করে খুব আনন্দে আছেন অভিনেতা। ফেসবুকে ভাইরাল হওয়া ভিডিওগুলোতে জোভানের সঙ্গে নাচতে দেখা গেছে অভিনেতা সিয়াম আহমেদ, তোসিফ মাহবুব, তামিম মুদ্ধাদেরও। তবে অনেকে হিন্দি গানে দেশি অভিনেতাদের এমন নাচ নিয়ে বেজারও হয়েছেন। সমালোচনা করেছেন। তবে তারকাদের ভক্তরা এই নাচের ভিডিও বেশ উপভোগ করেছেন।





### অর্পা বেছে নিলেন সহকৰ্মীকেই

নায়িকারা বিয়ে করলে ধনকুবের খুঁজেন, এমন একটা আলোচনা সবসময়ই হয়। নানা রকম প্রেমের গল্প ছড়ানো থাকলেও দেখা যায় ব্যবসায়ী বা বিভিন্ন পাত্রের গলায় বিয়ের মালা পরান নায়িকারা। তবে এ ধরনের চিন্তা ভাবনায় যে পরিবর্তন আন উচিত সেই বার্তা দিলেন নাজিয়া হক অর্পা। মৌসুমী হামিদের পর তিনিও জীবনসঙ্গী হিসেবে বেছে নিয়েছেন তারই অঙ্গনের মাঝুদকে। মৌসুমী-জোভান্দের বিয়ের রেশ থেতে না যেতেই প্রকাণ্ডে আসে অর্পা বিয়ের খবর। দুই প্রেক্ষে তিন মাস আগে দুই পরিবারের সদস্য ও ঘনিষ্ঠ বন্ধুদের উপস্থিতিতে ঘৰোয়া আয়োজনে বিয়েটা সেরেছেন অভিনেত্রী। পাত্র অভিনেতা মোন্টাফিজুর নূর ইমরান। ১৪ জানুয়ারি সকালে এক ফেসবুক পোস্টে বিয়ের ঘোষণা দিয়েছেন অর্পা, সঙ্গে দুজনের কয়েকটি ছবিও প্রকাশ করেছেন তিনি।

### ১১ বছর প্রেমের পর বিয়ে করলেন পল্লব

বিয়েশাদি না করায় নবরই দশকের জনপ্রিয় মডেল-অভিনেতা পল্লবের মা সন্তানকে নিয়ে অনেক দেশি চিন্তিত ছিলেন। কয়েক বছর ধরে নানাভাবে চেষ্টায় ছিলেন পুত্রবধুর মুখ দেখার। অবশেষে পল্লবের মায়ের সেই ইচ্ছা পূরণ হয়েছে। ছেলে বিয়ে করেছেন, পাত্রী ওয়াহিদা রাহী ব্যবসায়ত্বান্বিত কর্ণধার। জানা গেছে, ১১ বছরের প্রেমের সম্পর্কের পর তারা দুজন বিয়ের সিদ্ধান্ত নেন। গত বছরের ১৩ জুলাই তাদের বিয়ের আনন্দানিকতা সম্পন্ন হয়। সেটি প্রকাণ্ডে আসে গেল সঙ্গাহে। দুই পরিবারের সম্মতিতে বিয়ের যাবতীয় আনন্দানিকতা সেরেছেন বলে জানালেন পল্লব। তার স্ত্রী ওয়াহিদা রাহী বলেন, ‘এখন আলহামদুল্লাহ আমরা অনেক ভালো আছি। আমাদের ১১ বছরের প্রেম। অনার্স ফার্স্ট ইয়ার থেকে প্রেম করতেছি। বিয়ে তো করলাম মাত্র।’ পল্লব বলেন, ‘ছেলের বউকে পেয়ে মা এখন খুব খুশি। মায়ের খুশিতেও আমি খুশি।’



### প্রেমিককে বিয়ে করেছেন স্বাগতা

গোষণা দেওয়াই ছিল, এবার ছবি দিয়ে বিয়ের বিষয়টি নিশ্চিত করলেন অভিনেত্রী ও সংগীতশিল্পী জিনাত সানু স্বাগতা। স্বাগতা বিয়ে করেছেন তার প্রেমিক হাসান আজাদকে। স্বাগতা তার বিয়ের ছবি ফেইসবুকে শেয়ার করেছেন। স্বাগতার স্বামী হাসান আজাদের জন্ম যুক্তরাজ্যে। কলামিয়া ইউনিভার্সিটি থেকে পিএইচডি করা আজাদ পেশায় ব্যবসায়ী। সংগীত জগতের সঙ্গে জড়িত আজাদ গান লিখেন, সুর করেন এবং মিউজিক কম্পোজিশন করেন। এর আগে স্বাগতা ২০১৫ সালে চিরগাহক রাশেদ জামানকে বিয়ে করেছিলেন। ছয় বছর পর তাদের বিচ্ছেদ হয়। ২০২৩ সালে হাসান আজাদের সঙ্গে এক বান্ধবীর মাধ্যমে পরিচয়ের পর তাদের বন্ধুত্ব গড়ে উঠে। শিশুশিল্পী হিসেবে ‘নতুন কুঢ়ি’ প্রতিযোগিতায় ছড়া গান বিভাগে দ্বিতীয় হয়েছিলেন স্বাগতা। ২০০৭ সালে মান্নাৰ বিপরীতে ‘শক্র শক্র খেলা’ সিনেমার মাধ্যমেও তার চলচ্চিত্রে অভিযন্তে হয়েছিল। ‘মহাকা঳’ নামে একটি ব্যান্ডদলেও আছেন স্বাগতা।

